দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 DEC 1995

পৃষ্ঠা ৫ কলাম ৮

৩।

সেমিনারে অভিমত

# ঢা.বি'র শিক্ষকরা '৭৩-এর অধ্যাদেশ নিজেদের স্বার্থে ব্যবহার করছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গত বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ, ১৯৭৩ সম্পর্কিত আলোচনা সভায় বিভিন্ন শিক্ষাবিদ বলেছেন ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের ক্ষেত্রে ১৯৭৩ সালের অধ্যাদেশ ছিল একটি উত্তম ব্যবস্থা। কিন্তু তা পুরোপুরি প্রয়োগ করা হয়নি কখনও। বরং বিভিন্ন সময়ে এই অধ্যাদেশের অপপ্রয়োগ করা হয়েছে। তাঁরা বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে জবাবদিহিতা নেই। গড্ডালিকা প্রবাহে প্রবাহিত হচ্ছে বিশ্ববিদ্যালয়ের আইন-কানুন। এখানে ক্ষমতার বিকেন্দ্রীকরণ নেই। আমলাতান্ত্রিক জটিলতা প্রতি পদে পদে। তাঁরা আরও বলেন, ট্রেড ইউনিয়নের মতো এখানে শিক্ষকরা তিহাত্তরের অধ্যাদেশকে নিজ স্বার্থ আদায়ে ব্যবহার করছে। পদ পুনর্বিন্যাসের মাধ্যমে পদোন্নতি পাচ্ছে অধিকাংশ শিক্ষক। এ ধরনের পদোন্নতি বিশ্ববিদ্যালয়ে চিরস্থায়ী ক্ষতিকর প্রভাব ফেলবে বলে তাঁরা মত প্রকাশ করেন।

'ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ঃ ১৯৭৩ ঃ স্বায়ত্তশাসন অথবা আইনের শাসন' শীর্ষক সেমিনারে এ মত প্রকাশ করা হয়। উচ্চতর মানববিদ্যা কেন্দ্র আয়োজিত এ সেমিনার অনুষ্ঠিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয় আইবিএ অডিটরিয়ামে। সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন সমাজবিজ্ঞান অনুষদের সাবেক ডীন অধ্যাপক একে মনোয়ারউদ্দিন আহমেদ।

সেমিনারে সভাপতিত্ব করেন ড. আনিসুজ্জামান। বক্তৃতা করেন সাবেক উপাচার্য অধ্যাপক ফজলুল হালিম চৌধুরী, সাবেক উপাচার্য মনিরুজ্জামান মিঞা, সাবেক শিক্ষা সচিব কাজী ফজলুর রহমান, অধ্যাপক মোজাফফর আহমদ, অধ্যাপক এবিএম খালেক প্রমুখ।